দৈনিক
ইত্তেফাক

তারিখ 04 OCT 2015
পৃষ্ঠা 20 কলাম 6

# শনিবার থেকে লাগাতার কর্মসূচির ঘোষণা

## মেডিক্যালের পুনঃভর্তি পরীক্ষার দাবিতে আল্টিমেটাম

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

মেডিক্যাল ও ডেন্টাল কলেজের ১৫-১৬ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার ফলাফল বাতিল করে পুনরায় পরীক্ষা নেয়ার দাবিতে শিক্ষার্থীরা আন্দোলন কর্মসূচি অব্যাহত রেখেছেন। আজ শুক্রবারের মধ্যে দাবি বাস্তবায়িত না হলে আগামীকাল শনিবার থেকে লাগাতার কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছেন তারা।

গতকাল আন্দোলনের ২০তম দিনে কেন্দ্রীয় শহীদ মিনারে বেলা ১১টা থেকে ১টা পর্যন্ত দুই ঘণ্টা অবস্থান ধর্মঘট পালন করেন আন্দোলনরত শিক্ষার্থীরা। এরপর একটি বিক্ষোভ মিছিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি ঘুরে আবার শহীদ মিনারে গিয়ে দিনের কর্মসূচি শেষ ও নতুন কর্মসূচি ঘোষণা করেন।

আন্দোলনকারীদের পক্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থী তানজিরা বিশ্বাস সাংবাদিকদের বলেন, মেডিক্যালের ভর্তি পরীক্ষা বাতিল করে পুনরায় পরীক্ষার দাবিতে শুক্রবার বিকাল ৩টায় জাতীয়

পৃষ্ঠা ২ কলাম ১

## শনিবার থেকে লাগাতার

২০ পৃষ্ঠার পর

জাদুঘরের সামনে সংহতি সমাবেশ ও আলোকচিত্র প্রদর্শিত হবে। এতে সংহতি জানিয়ে শিক্ষাবিদ, বুদ্ধিজীবীরা অংশ নেবেন। দাবি বাস্তবায়নে শুক্রবার রাত ১২টা পর্যন্ত সময় বেঁধে দিয়ে তিনি বলেন, এর মধ্যে আমাদের দাবি মেনে নিতে কার্যকর পদক্ষেপ না নেয়া হলে শনিবার থেকে লাগাতার কঠোর কর্মসূচি দেয়া হবে।

আন্দোলনে ইন্ধন আছে- স্বাস্থ্যমন্ত্রীর এমন বক্তব্যের বিষয়ে তানজিরা বলেন, এ আন্দোলনে আমাদের সুনির্দিষ্ট যৌক্তিক দাবি ছাড়া অন্য কোনো উদ্দেশ্য নেই। প্রশ্ন ফাঁসের যথেষ্ট প্রমাণ আছে। এ বিষয়ে কারও সন্দেহ থাকলে পুলিশ দিয়ে লাঠিপেটা না করে আমাদের সাথে বসুক। আমরা উপযুক্ত প্রমাণ দিতে প্রস্তুত।